গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
উপজেলাসমবায়কার্যালয়
পাঁচবিবি, জয়পুরহাট।

www.cooparative.panchbibi.joypurhat.gov.bd

‘সমবায়ে গড়ছি দেশ,
স্মার্ট হবে বাংলাদেশ’

# বার্ষিকপ্রতিবেদন
# ২০২২- ২০২৩

প্রকাশনায়ঃ  উপজেলা সমবায় কার্যালয়,পাঁচবিবি, জয়পুরহাট।
তারিখঃ  ১৫/১০/২০২৩খ্রিঃ।

# বার্ষিক প্রতিবেদন
# ২০২২-২০২৩

**সমবায় অধিদপ্তর**

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

‘বঙ্গবন্ধুর দর্শন,সমবায়ে উন্নয়ন’

# বার্ষিক প্রতিবেদন
# ২০২২-২০২৩

**সমবায় অধিদপ্তর**
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



"আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে, শিক্ষা পাবে উন্নত জীবনের অধিকারী হবে- এই হচ্ছে আমার স্বপ্ন। এই পরিপ্রেক্ষিতে গণমুখী সমবায় আন্দোলনকে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।"



‘এটা পরীক্ষিত যে বহুমুখী গ্রাম সমবায় আমরা যদি গড়ে তুলতে পারি, বাংলাদেশে কোন দারিদ্র্য থাকবে না।”



# সমবায় সংগীত

কাজী নজরুল ইসলাম

‘ওরে নিপীড়িত, ওরে ভয়ে ভীত শিখে যা আয়রে, আয়।
দুঃখ জয়ের নবীনমন্ত্র- ‘সমবায়, সমবায়!’
ক্ষুধার জ্বালায় মরেছি সুধার কলস থাকিতে ঘরে!
দারিদ্র্য, ঋণ, অভাবে মরিয়াছি না চিনে পরস্পরে!
মিলিত হইনি তাই আমাদের দুর্গতি ঘরে ঘরে!
সেই দুর্গতি-দুর্গ ভাঙিব সমবেত পদঘায়।।
মিলি পরমাণু পর্বত হয় সিন্ধু বিন্দু মিলে,
মানুষ শুধুই মিলিবে না কি রে মিলনের এ নিখিলে?
জগতে ছড়ানো বিপুল শক্তি কুড়াইয়া তিলে তিলে
আমরা গড়িব নতুন পৃথিবী সমবেত মহিমায়।।
দুর্ভিক্ষের, শোষণের আর পেষণের যাঁতাকলে
এক হয় নাই বলিয়া আমরা মরিয়াছি পলে পলে।
সকল দেশের সকল মানুষ আজি সহস্র দলে
মিলিয়াছি তাই- রবে না জগতে প্রবলের অন্যায়।।



যুগ্মনিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়,রাজশাহী

# মুখবন্ধ

সমবায় এমন একটি উন্নয়ন-পদ্ধতি যা সমাজের সকল শ্রেণির মানুষ নিজেদের সার্বিক উন্নয়নের জন্য সমানভাবে অনুসরণ করতে পারেন। বলা যায় এ হচ্ছে এক ধরনের সাম্যবাদী গণতান্ত্রিক উন্নয়ন মডেল। সমবায়ের মূলউদ্দেশ্য হচ্ছে আর্থ-সামাজিক ভাবে শোষিত, বঞ্চিত ও পিছিয়েপড়া জনশ্রেণিকে জমিদার-মহাজনদের মাত্রাতিরিক্ত শোষণ থেকে মুক্ত করা। তারই প্রেক্ষিতে সাধারণ মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, নারীর ক্ষমতায়ন ও দারিদ্র্য বিমোচনে সমবায় সমিতিগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকরে আসছে। রাজশাহী বিভাগের সমবায় সমিতিসূমহ দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে যে অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্য বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ প্রকাশিত হলো।

রাজশাহী বিভাগে বর্তমানে৩৫ প্রকারের সমবায় সমিতি রয়েছে। ৩০ জুন, ২০২৩তারিখ পর্যন্ত মোট কার্যকর সমিতির সংখ্যা ১১৫৬৯টি; যার সদস্য সংখ্যা ৯.৩০ লক্ষজন। এ সকল সমবায় সমিতির বেশির ভাগই ক্ষুদ্র আয়ের জনগোষ্ঠীর মাঝে চাহিদা ভিত্তিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এবং তার ভিত্তিতে ঋণ সুবিধা প্রদান করে দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। তারই ফলস্বরুপ এবিভাগের বেশ কিছু সংখ্যক সমবায় সমিতি জাতীয় পুরস্কার প্রাপ্ত হয়। নারীর ক্ষমতায়নের লক্ষ্যে ২৮টি বঙ্গমাতা শেখ ফজিলাতুননেছা মুজিব মহিলা সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং 'দুগ্ধঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পের কার্যক্রম ৪টি উপজেলায় শুরুহয়েছে। নারীর ক্ষমতায়নের প্রেক্ষাপটে এ বিভাগের প্রায় ৯৮৫জন নারী সমবায়ীকে বিভিন্নট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

জাতির পিতার সমবায় ভাবনার আলোকে 'সমবায়ে গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ' শ্লোগানটি কাজে লাগিয়ে দেশ আরও এগিয়ে যাবে। তাঁর এ উন্নয়ন ভাবনাকে কাজে লাগিয়ে সমবায়ের মাধ্যমে সমাজের বৈষম্য দূর করে আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়া সম্ভব হবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

যে সকল সহকর্মী বার্ষিক প্রতিবেদন প্রস্তুতির কাজে বিভিন্নভাবে সহযোগিতা প্রদান করেছেন তাঁদের অশেষ ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাচ্ছি।

মোঃ মোখলেছুররহমান



জেলা সমবায় অফিসার
জয়পুরহাট

# বাণী

সমবায় অধিদপ্তরের নিবন্ধিত সমবায় সমিতি সমূহ বাংলাদেশের আর্থ-সামাজিক অগ্রগতি অর্জনে দীর্ঘদীন যাবৎ প্রশংসনীয় ভূমিকা পালন করে আসছে।দরিদ্র জনগোষ্ঠীর ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়কে একীভূত করে সমবায় আন্দোলন অর্থনৈতিক উন্নয়নে ভিত্তি স্থাপন করেছে। বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতিকে ত্বরান্বিত করতে সমবায় আন্দোলনের বিকল্প নেই। জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের আজন্ম স্বপ্ন ছিল একটি সুখী-সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ার। সেজন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান স্বাধীনতার পর দেশ পূর্ণগঠনেসমবায় পদ্ধতিকে বেছে নিয়ে বাংলাদেশের সংবিধানে সমবায়কে সম্পদের মালিকানার ভিত্তিতে দ্বিতীয় খাত হিসেবে অর্ন্তভূক্ত করেছিলেন। তারই ধারাবাহিকতায় জাতির পিতার সুযোগ্য উওরসূরী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ঘোষিত রুপকল্প ২০২১ ও রুপকল্প ২০৪১ বাস্তবায়নে সমবায় অধিদপ্তর অগ্রণী ভূমিকা পালন করে আসছে। সমবায় অধিদপ্তর ও সমবায় সমিতি সমূহ দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে যে অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্যপ্রতি বছর সমবায় অধিদপ্তর কর্তৃক বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় এ বছর বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪ প্রকাশিত হলো। প্রতিবেদনটিতে জয়পুরহাট জেলারসমবায় কার্যক্রমের পরিসংখ্যান হিসেবে সমবায় সমিতি গুলোর সংখ্যা,ব্যক্তি সদস্য,শেয়ার মুলধন,সঞ্চয় আমানত গঠিত অন্যান্য তহবিল গৃহিত ও দাদনকৃত ঋণ,আদায়কৃত ঋণ,বার্ষিক অডিট সম্পাদন,সরকারী রাজস্ব আদায়,লভ্যাংশ বিতরণ,ইত্যাদির পাশাপাশি সমবায় অধিদপ্তর ও এর আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষে আয়োজিত প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত পরিসংখ্যান তুলে ধরা হয়েছে।

প্রকাশিত প্রতিবেদনটি জয়পুরহাট জেলার সমবায় কর্মকান্ড প্রচারে অবদান রাখবে এবং জেলার কর্মকান্ড সম্পর্কে জানতে আগ্রহী সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিকট সমাদৃত হবে বলে আমি বিশ্বাস করি। এ প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ,প্রক্রিয়াকরণ ও সম্পাদনের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

প্রতিবেদনটির মানোন্নয়নে সকলের পরামর্শ সাদরে গৃহিত হবে।

মোঃ ইসমাইল হোসেন সিরাজী।



উপজেলা সমবায় অফিসার
পাঁচবিবি, জয়পুরহাট।


# মুখবন্ধ

সমবায়ের মূলউদ্দেশ্য হচ্ছে শোষিত, বঞ্চিত ও পিছিয়েপড়া জনশ্রেণিকে জমিদার-মহাজনদের মাত্রাতিরিক্ত শোষণ থেকে মুক্ত করা। তারই প্রেক্ষিতে সাধারণ মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, নারীর ক্ষমতায়ন ও দারিদ্র্য বিমোচনে সমবায় সমিতিগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকরে আসছে। বঙ্গবন্ধুর সেই ভাবনা ও স্বপ্নকে বাস্তবায়নের জন্য তাঁর সুযোগ্য কন্যা আধুনিক বাংলাদেশের রুপকার মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রান্তিক জনগোষ্ঠিকে দক্ষ মানব সম্পদে রুপান্তর করার জন্য সমবায় বিভাগকে দিক নির্দেশনা প্রদান করে চলছেন। তাঁর নির্দেশনা বাস্তবায়নের জন্য সমবায় বিভাগ নিরলসভাবে কাজ করে চলেছে। প্রতি বছরের ধারাবাহিকতায় এ বছর বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩ প্রকাশিত হলো। বর্তমানে পাঁচবিবি উপজেলায় নিবন্ধিত ২৪ প্রকারের সমবায় সমিতি রয়েছে। ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত মোট কার্যকর সমিতির সংখ্যা১৫৫টি; যার সদস্য বেশির ভাগই ক্ষুদ্র আয়ের জনগোষ্ঠী। নারীর ক্ষমতায়নের লক্ষ্যে পাঁচবিবি উপজেলায় ১টি বঙ্গমাতা শেখ ফজিলাতুননেছা মুজিব মহিলা সমবায় সমিতি গঠন করা হয়েছে।

সমবায় ভাবনার আলোকে ‘সমবায়ে গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ’ শ্লোগানটি কাজে লাগিয়ে দেশ আরও এগিয়ে যাবে। তাঁর এ উন্নয়ন ভাবনাকে কাজে লাগিয়ে সমবায়ের মাধ্যমে ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়া সম্ভব হবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

মোঃ মোশারফ হোসেন

## উপজেলা সমবায় কার্যালয়, পাঁচবিবি, জয়পুরহাট এর সাংগঠনিক কাঠামো





# পরিশিষ্ট-৩৫

## উপজেলা সমবায় কার্যালয়, পাঁচবিবি, জয়পুরহাট এর কর্মকর্তা-কর্মচারীগণের তথ্য

**কর্মকর্তা**

| ছবি | শিরোনাম | পদবি | ই-মেইল | অফিস ফোন নং এবং |
|---|---|---|---|---|
|  | মোঃ মোশারফ হোসেন | উপজেলা সমবায় অফিসার | uco_panchbibi@yahoo.com | অফিস ফোন 02588877446<br>মোবাইল নং- 01958-061999<br>01738-560082 |

কর্মচারীবৃন্দ

| # | ছবি | শিরোনাম | পদবি | ই-মেইল | মোবাইল নং |
|---|---|---|---|---|---|
| ১ |  | মোঃ রেজাউল করিম | সহকারী পরিদর্শক | uco_panchbibi@yahoo.com | ০১৭৫৩৯৬৭৭০৭ |
| ২ |  | মোঃ আব্দুর রহমান | সহকারী পরিদর্শক | rahman01384@gmail.com | ০১৭১২-৪১৩৯১০ |
| ৩ |  | মোঃ আব্দুল আউয়াল | অফিস সহায়ক | uco_panchbibi@yahoo.com | ০১৭৩৭-৮০৫২১০ |

## সম্পাদনায়



**মোঃ মোশারফ হোসেন**
উপজেলা সমবায় অফিসার
পাঁচবিবি, জয়পুরহাট।
ফোন নং- ০২৫৮৮৮৭৭৪৪৬।

## সহযোগীতায়

১। **মোঃ রেজাউল করিম**
**সহকারী পরিদর্শক ,পাঁচবিবি, জয়পুরহাট।**

২। **মোঃ আব্দুর রহমান**
**সহকারী পরিদর্শক, পাঁচবিবি, জয়পুরহাট।**

## প্রকাশনায়ঃ

উপজেলা সমবায় কার্যালয়,পাঁচবিবি,জয়পুরহাট।
তারিখঃ ১৫/১০/২০২৩খ্রিঃ।

# যোগাযোগ

উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, পাঁচবিবি-তে যেভাবে আসবেনঃ-

| | | |
|---|---|---|
| অফিস প্রধানের পদবী | | উপজেলা সমবায় অফিসার |
| কার্যালয়ের নাম | : | উপজেলা সমবায় কার্যালয়, পাঁচবিবি, জয়পুরহাট। |
| ডাকঘর | : | পাঁচবিবি |
| উপজেলা | : | পাঁচবিবি |
| জেলা | : | জয়পুরহাট। |
| **অফিস প্রধানের মোবাইল নম্বর** | : | ০১৭৬৮-৫৫০০৮২ |
| টেলিফোন নম্বর | : | ০২৫৮৮৮৭৭৪৪৬। |
| ওয়েব সাইট | : | http://cooparative.panchbibi.joypurhat.gov.bd |
| ই-মেইল | : | uco_panchbibi@yahoo.com |
| **রেল পথ যোগে** | : | ঢাকা, রাজশাহী, খুলনা, সৈয়দপুর, দিনাজপুর প্রভৃতি স্থান থেকে রেল পথে জয়পুরহাট,পাঁচবিবি আসা যায়। |
| **ঢাকা-জয়পুরহাট. পাঁচবিবি সড়ক পথে বাস যোগে** | : | **ঢাকা** থেকে পাঁচবিবি,জয়পুরহাট এর দূরত্ব প্রায় ৩১১কিঃমিঃ।<br>**জয়পুরহাট** থেকে সড়ক পথে পাঁচবিবি প্রায় ১১ কিঃমিঃ ।<br>**হিলি** থেকে পাঁচবিবি সড়ক পথে প্রায় ১২ কিঃমিঃ।<br>**দিনাজপুর** থেকে হিলি/পাঁচবিবি সড়ক পথে প্রায় ১২০ কিঃমিঃ। |
| পাঁচবিবি উপজেলা সমবায় অফিসারের কার্যালয়-এ যেভাবে আসবেন | : | পাঁচবিবি বাসষ্ট্যান্ড হতে অটোরিক্সা যোগে পাঁচমাথা/বটতলী ভায় পাঁচবিবি থানার সামনে দিয়ে পূর্ব দিকে রাস্তা ধরে উপজেলা পরিষদের প্রধান দরজায় নামতে হবে। তারপর হেঁটে/অটোরিক্সাযোগে উপজেলা পরিষদে আসলেই উপজেলা সমবায় অফিসারের কার্যালয়। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
পাঁচবিবি, জয়পুরহাট।

বঙ্গবন্ধুর দর্শন,
সমবায়ে উন্নয়ন

**উপজেলা সমবায় কার্যালয়,** পাঁচবিবি, জয়পুরহাট **এর**
**১.১ ক্যাটাগরিভিত্তিক সমবায় সমিতির তথ্য**

| ক্রমিক নং | সমবায় সমিতির ক্যাটাগরি এর নাম | সমিতি সংখ্যা |
|---|---|---|
| ১ | কেন্দ্রীয় সমবায় সমিতি | ২ |
| ২ | কৃষি সমবায় সমিতি | ২৯ |
| ৩ | আখচাষী সমবায় সমিতি | ১৪ |
| ৪ | মৎস্যজীবি সমবায় সমিতি | ২৭ |
| ৫ | মৎস্যচাষী সমবায় সমিতি | ৬ |
| ৬ | শ্রমজীবি/শ্রমিক ও শ্রমিক কল্যান সমবায় সমিতি | - |
| ৭ | ভূমিহীন সমবায় সমিতি | ২০ |
| ৮ | মহিলা সমবায় সমিতি | ৪২ |
| ৯ | মুক্তিযোদ্ধা সমবায় সমিতি | - |
| ১০ | অটোরিক্সা,অটোটেম্পু চালক সমবায় সমিতি | - |
| ১১ | পরিবহন মালিক সমবায় সমিতি | ২ |
| ১২ | কর্মকর্তা/কর্মচারী সমবায় সমিতি | ৩ |
| ১৩ | পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি | ৭ |
| ১৪ | সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি | ৩৪ |
| ১৫ | ব্যবসায়ী সমবায় সমিতি | ৩৯ |
| ১৬ | সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি | ১০ |
| ১৭ | বহুমুখী সমবায় সমিতি | ৯ |
| ১৮ | ইউনিয়ন বহুমুখী সমবায় সমিতি | ৭ |
| ১৯ | সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক | - |
| ২০ | আশ্রয়ণ /আশ্রয়ণ ফেইজ-২ সমবায় সমিতি | ৩৬ |
| ২১ | অন্যান্য সমবায় সমিতি | ৬ |
| ২২ | ক্রেডিট ইউনিয়ন(কাল্ব) সমবায় সমিতি | ১ |
| ২৩ | যুব সমবায় সমিতি | ১০ |
| ২৪ | সিআইজি সমবায় সমিতি | ২৫ |
| | সর্বমোট= | ৩২৯ |

১.২ উপজেলা সমবায় কার্যালয়, পাঁচবিবি,জয়পুরহাট এর সমবায় সমিতির মৌলিক তথ্য ২০২১-২০২২ অর্থ বছরের নিরীক্ষা প্রতিবেদন অনুযায়ী

| উপজেলার নাম | সমবায় বিভাগীয় সমিতি (পউবো ব্যতিত) | | | প্রাথমিক ও কেন্দ্রীয় সমবায় সমিতির সম্মিলিত তথ্য | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কেন্দ্রীয় | প্রাথমিক | মোট সমিতি সংখ্যা | সদস্য | কার্যকরী মূলধন | বিনিয়োগ | নিট লাভ | অডিট ফি | সিডিএফ | লভ্যাংশ বণ্টন | স্বকর্ম সংস্থান |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| পাঁচবিবি জয়পুরহাট | ২ | ৩২৭ | ৩২৯ | ৩১৪৫১ | ১৬৫৩৩১৫৬৬৭ | ২০৭৯২০৪৮০ | ৪৭১১৭৬৯ | ১৫৭৪২০ | ১০৪৭৮৯ | ১৫৫১৯৯১ | ৬৫ |
| সর্বমোট= | ২ | ৩২৭ | ৩২৯ | ৩১৪৫১ | ১৬৫৩৩১৫৬৬৭ | ২০৭৯২০৪৮০ | ৪৭১১৭৬৯ | ১৫৭৪২০ | ১০৪৭৮৯ | ১৫৫১৯৯১ | ৬৫ |

## ৩.১ প্রকল্প

| প্রকল্পের নাম | সরকার হতে প্রাপ্ত অর্থের পরিমাণ | উপকারভোগীদের মাঝে প্রদত্ত অর্থের পরিমাণ | উপকারভোগীর সংখ্যা | আদায়ের হার (%) | অন্যান্য তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| আশ্রয়ণ | ৭০২৮০০০ | ১১৪০৩০০০ | ৭১০ | ৬.৭% | - | - |
| গাভী প্রকল্প | - | - | - | - | - | - |
| ফ্যামিলি ওয়েলফেয়ার | - | - | - | - | - | - |
| শক্তিশালীকরণ | - | - | - | - | - | - |
| অন্যান্য (যদি থাকে) | - | - | - | - | - | - |
| - | - | - | - | - | - | - |

৩.২ প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিংসেশন

| প্রশিক্ষণের ধরন | প্রশিক্ষণার্থীর ধরন | কোর্স সংখ্যা | প্রশিক্ষণার্থী সংখ্যা | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | পুরুষ | মহিলা | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ভ্রাম্যমাণ | সমবায়ী | ২ | ৩৮ | ১২ | ৫০ | |
| আইজিএ | সমবায়ী | ২ | - | ২ | ২ | |
| ইনহাউজ | কর্মকর্তা/কর্মচারি | - | - | - | - | - |
| অন্যান্য (যদি থাকে) | - | - | - | - | - | - |

## ১.১৩. সমবায় সমিতি গঠন করবেন কিভাবে

সমবায় সমিতি হচ্ছে গণতান্ত্রিকভাবে পরিচালিত একটি আর্থিক প্রতিষ্ঠান।যার মাধ্যমে এর সদস্যরা তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটিয়ে থাকে।একটি বিধিবদ্ধ আর্থিক প্রতিষ্ঠান হিসেবে সমবায় সমিতি সংগঠন ও নিবন্ধনের জন্য নিম্নলিখিত পদ্ধতি ও নিয়মাবলী অনুসরণ করতে হবে:

- সমবায় সমিতি আইন,২০০১ ( সংশোধিত ২০০২ ও২০০৩ ) এর ধারা ৮(১)(ক) অনুযায়ী ন্যূনতম ২০ জন একক ব্যক্তি এবং যার উদ্দেশ্য হচ্ছে বৈধ উপায়ে সমিতির সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন। সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর বিধি ১১(খ)অনুযায়ী সদস্য হবার যোগ্যতা কমপক্ষে ১৮ বৎসর।
- সমিতি নিবন্ধনের শর্ত হিসেবে সকল সদস্যের অংশগ্রহণে সাংগাঠনিক সভায় বিস্তারিত আলোচনা হবে এবং সিদ্ধান্তবলী সত্যায়িত করে নিবন্ধনের জন্য আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- উপজেলা/জেলা সমবায় অফিস থেকে একটি নমুনা উপ-আইন সংগ্রহ করা যেতে পারে।এই উপ-আইন হবে সমিতি পরিচালনার দলিল।যা সমিতির সদস্য নিজেরাই প্রণয়ন করবেন।এখানে কমপক্ষে ২০জন সদস্য সহি-স্বাক্ষর করবেন।উপ-আইন অবশ্যই আইন ও বিধিমালার সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- বিধি ১২ অনুযায়ী কর্ম এলাকা হতে হবে নিবিড় ও সংলগ্ন।মাঝে একটি এলাকা বাদ দিয়ে অন্য এলাকা নির্ধারণ করা যাবে না।
- বিধি ৫(৩) অনুযায়ী নির্ধারিত পরিমাণ পরিশোধিত শেয়ার মূলধন থাকতে হবে।প্রাথমিক সমিতির নিবন্ধনের ক্ষেত্রে এ মূলধন হবে সাধারণত কমপক্ষে ২০০০০/-(বিশ হাজার ) টাকা।বিধি ১১(ক) অনুযায়ী অন্যূন ০১টি শেয়ার ক্রয়সহ শেয়ার মুল্যের সমপরিমাণ অর্থ সমিতিতে সঞ্চয়ী হিসাবে জমা প্রদান ব্যতীত কোন ব্যক্তি  সমবায় সমিতির সদস্য হবার উপযুক্ত হবেন না।
- সমিতি নিবন্ধনের পূর্বেই জমা খরচ বহি,শেয়ার ও সঞ্চয় রেজিষ্টার,সাধারণ রেজিষ্টার,সদস্য রেজিষ্টার.লোন বা অগ্রিম রেজিষ্টার,রেজুলেশন বহি(সাপ্তাহিক,ব্যবস্থাপনা কমিটি ও সাধারণ সভার বহি),নোটিশ বহি ইত্যাদি সংরক্ষণ করতে হবে।
- সমবায় বিধি ৫(২) অনুযায়ী সমিতির প্রকৃতি অনুযায়ী ৫০/-,৩০০/-.১০০০/-,৩০০০/- বা ৫০০০/- টাকা নিবন্ধন ফি চালানের মাধ্যমে জমা দিয়ে কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- সাংগাঠনিক সভায় সমিতির কার্য পরিচালনার জন্য ব্যবস্থাপনা কমিটির (৬/৯/১১ জন সদস্য বিশিষ্ট) একটি প্রস্তাব তৈরী করতে হবে।
- সমিতি নিবন্ধনের জন্য প্রাক-কার্যাদি সম্পাদনের পাশাপাশি সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর বিধি ৫(ক) অনুযায়ী নির্ধারিত আবেদন ফরম-১ পূরণ করতে হবে।প্রত্যেক সদস্য নিজে সকল তথ্য পূরণ করবেন।প্রয়োজনে ছবি ও মোবাইল নম্বর থাকবে।
- কাগজপত্র তৈরী হলে সংশ্লিষ্ট উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে জমা প্রদান করতে হবে।সংশ্লিষ্ট উপজেলা/থানা সমবায় অফিস কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা,যাচাইবাচাই  করে সংশ্লিষ্ট জেলা সমবায় অফিসারের নিকট নিবন্ধনের জন্য তা প্রেরণ করবে।নিবন্ধনকারী কর্তৃপক্ষ আইনের ধারা ১০,১১,ও  ১২ এবং বিধি ৬ যথাযথভাবে অনুসরণ করবে।
- নিবন্ধন গ্রহণ না করে সমবায় নাম ব্যবহার করে এর কার্যক্রম পরিচালনা করা হলে তা আইনের ধারা ৯ অনুযায়ী কারাদন্ড বা অর্থদন্ড বা উভয় দন্ডে দন্ডনীয় অপরাধ হবে।
- সমিতিটি নিবন্ধন নেয়া অর্থ হচ্ছে সমিতি যে সকল কাজের সাথে অর্থনৈতিক ও সামাজিক কার্যাদি পরিচালনা করতে ইচ্ছুক তার আইনগত অনুমোদন নেয়া। উপ-আইন সম্পর্কে সকল সদস্যের ধারণা থাকা আবশ্যক এবং সকল সদস্যের জ্ঞাতার্থে প্রয়োজনীয় পদক্ষেপ ও গ্রহণ করা দরকার।সমিতি নিবন্ধনের পূর্বে সংক্ষিপ্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করা প্রয়োজন।সমবায় সমিতি গঠন করে সার্থকভাবে টিকে থেকে উৎপাদনশীল কর্মকান্ড পরিচালনার মাধ্যমে অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপনে গতিশীল ভূমিকা রাখতে হবে।

যোগাযোগ:
সমবায় অধিদপ্তর, সমবায় ভবন।
ব্লক: এফ ১০, আগারগাঁও সিভিক সেক্টর, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
ফোন: ৮৮০২-৯১৪১১৩১ ফ্যাক্স : ৮০২-৯১৩৬৫৯৬
ই-মেইল : coop_bangladesh@yahoo.com
web : www.coop.gov.bd.com

## ১.১৪ সমবায় সমিতি নিবন্ধন প্রক্রিয়া

- নিজেদের সমস্যা চিহ্নিতকরণ
- কমপক্ষে ২০ জনকে একত্রিতকরণ
- একজন সংগঠক নির্বাচন
- এলাকার গণ্যমান্য ও বিশিষ্ট ব্যক্তিবর্গের সাথে মতবিনিময়
- সমবায় সমিতির শ্রেণি ও উদ্দেশ্য নির্ধারণ
- আলোচনার মাধ্যমে সমিতির নাম,কর্ম ও এলাকা নির্ধারণ
- অনুমোদিত শেয়ার মূলধন এবং প্রতিটি শেয়ারেরর মূল্য নির্ধারণ
- উপ-আইন প্রনয়ণ
- ভর্তি ফি ,শেয়ার ও সঞ্চয় আদায়
- হিসাবের খাতাপত্র ও রেজিষ্টারসমূহ প্রস্তুতকরণ
- সাংগঠনিক সভা আহ্বান এবং প্রস্তাবিত সমিতির যাবতীয় বিষয়াদি নিয়ে আলোচনা. সিদ্ধান্ত গ্রহণ ও লিখিতভাবে রেজুলেশন প্রস্তুতকরণ
- ব্যাংক হিসাব খোলার ব্যবস্থা গ্রহণ
- নিবন্ধনের জন্য আবেদনপত্র প্রস্তুতকরণ
- উপজেলা সমবায় অফিস /স্থানীয় সমবায় অফিসে যাবতীয় কাগজপত্র নিবন্ধনের জন্য জমা প্রদান

সমবায় সমিতি নিবন্ধনে যে সকল কাগজপত্র প্রস্তুত করে দাখিল করতে হবে:

- নির্ধারিত ফরমে আবেদনপত্র
- নিবন্ধন ফি জমার চালানের কপি
- সাংগঠনিক সভার সত্যায়িত রেজুলেশন
- জমা খরচ হিসাব
- তিন প্রস্থ উপ-আইন
- আগামী দুই বছরের প্রস্তাবিত বাজেট
- সরকারী সাহায্য ছাড়া চলতে পারার অঙ্গীকারনামা
- নাগরিকত্ব ও স্থায়ী ঠিকানা সংক্রান্ত প্রমাণপত্র
- আবেদনকারী সদস্যদের প্রত্যেকের এককপি সত্যায়িত পার্সপোর্ট সাইজের ছবি
- উপ-আইন মেনে চলার অঙ্গীকারনামা
- নিবন্ধকের অনুমোদনের জন্য প্রথম ব্যবস্থাপনা কমিটির প্রস্তাব

# উপজেলা সমবায় কার্যালয়, পাঁচবিবি,জয়পুরহাট এর
# তথ্য বিষয়ক সেবা বক্সের পূর্বের বার্ষিক প্রতিবেদনের পূর্বের অবস্থা

